তারিখ 18 OCT 2016
পৃষ্ঠা ৫ কলাম ২

সংবাদ

# মহেশপুরে সর. স্কুলের পাশে মাদকের আড্ডা : পাঠদান ব্যাহত

প্রতিনিধি কোটচাঁদপুর (ঝিনাইদহ)

মহেশপুরের আজমপুর ইউনিয়নে ১নং আলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে একটি চারা বটগাছের নিচে চায়ের দোকানে বিভিন্ন শ্রেণীর মাদকসেবিদের কারনে শিক্ষার পরিবেশ দুষিত হচ্ছে। এলাকাবাসী সূত্রে জানা গেছে, সুন্দর পরিবেশ বজায় রাখতে এবং ক্লান্ত পথিকের দুই দণ্ড বিশ্রামের জন্য কাবিল উদ্দিন নামে এক ব্যক্তি বিদ্যালয়ের পাশে পথের ধারে একটি বটের চারা লাগান ৮ বছর আগে। চারাটি স্বাধীনভাবে বেড়ে ওঠার আগেই খোকন নামে এক ব্যক্তি বট চারার নিচে চায়ের দোকান শুরু করে। কয়েক দিনের মধ্যেই এখানে বসতে থাকে বিভিন্ন শ্রেণীর মাদক সেবীদের আড্ডা, বখাটে যুবকদের আনাগোনা, দিনভর ক্যারাম বোর্ডের জোয়া। এ অবস্থায় বিদ্যালয়সহ এলাকার পরিবেশ দুষিত হয়ে উঠেছে। স্কুলগামী কোমলমতি শিশুরা এসব দেখে তাদের মনে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। সেইসঙ্গে চায়ের চুলার আগুন ধোয়ায় পরিবেশের ভারসাম্য বজায় রাখা বট বৃক্ষের আয়ুও শৈষ হয়ে আসছে। এ ব্যাপারে চায়ের দোকানদার খোকনের সঙ্গে কথা হলে তিনি জানান, আমি এই জমির মালিক ছামাউলের নিকট থেকে জায়গা ভাড়ানিয়ে চায়ের দোকান করেছি, কেউ মাদক সেবন করে কিনা আমি জানি না। এলাকার সচেতন মহল সুষ্ট পরিবেশ বজায় রাখতে এবং নিরাপদে বট চারাটি বেড়ে ওঠার জন্য চায়ের দোকানটি দ্রুত অপসারনের দাবী জানিয়েছেন কর্তৃপক্ষের নিকট।